

বাংলাদেশ দূতাবাস
স্টকহোম

নং-কনস(প্রবাসী)-০১/০৮

তারিখঃ ১২ জুন ২০০৮ ইং

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বিদেশী পাসপোর্টে 'No Visa required for Travel to Bangladesh' সীল গ্রহণের ক্ষেত্রে, অথবা এই সীল বিদ্যমান পাসপোর্ট হতে নতুন পাসপোর্টে স্থানান্তরের ক্ষেত্রে প্রয়োজনীয় ফি প্রদান করতে হবে। সুইডেন, ডেনমার্ক, নরওয়ে, ফিনল্যান্ড এবং আইসল্যান্ড-এর পাসপোর্টধারীদের জন্য নির্ধারিত ফি হচ্ছে মাথাপিছু ৫০০ সুইডিশ ক্রোনার (যা ২০০২ সাল হতে বহাল রয়েছে)।

এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, সরকারী বিধি মোতাবেক দ্বৈত নাগরিকত্ব গ্রহণ ব্যতীত বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণ বাংলাদেশী পাসপোর্ট ব্যবহার করতে পারবেন না।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৯ আগস্ট ২০০৭ তারিখের স্বঃমঃ(বহি-২)/১পি৭/২০০৬/১৪৩৫ নং পরিপত্র এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের ০১ জুন ২০০৮ তারিখের সিএন্ডডব্লিউ-০২(ভিসা) নং পত্রের সূত্রে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।

শাহনাজ গাজী
কাউন্সেলর ও চ্যান্সারী প্রধান